কাঁদার সময় অল্প ওরে, ভোলার সময় বড়ো
যাবার দিনে শুকনো বকুল মিথ্যে করিস জড়ো ॥
    আগমনীর নাচের তালে    নতুন মুকুল নামল ডালে,
    নিঠুর হাওয়ায় পুরানো ফুল ওই-যে পড়ো-পড়ো ॥
ছিন্নবাঁধন পান্থরা যায় ছায়ার পানে চলে,
কান্না তাদের রইল পড়ে শীর্ণ তৃণের কোলে ।
    জীর্ণ পাতা উড়িয়ে ফেলা    খেল্, কবি, সেই শিশুর খেলা—
    নতুন গানে কাঁচা সুরের প্রাণের বেদী গড়ো ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Kalingara
Visit www.geetabitan.com for notation and other detail